দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা

**নৈতিকতা কমিটির ২০২২-২৩/১ নং সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মাহবুব হোসেন<br>সচিব, দুর্নীতি দমন কমিশন। |
| সভার তারিখ | : | ০৭/০৯/২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | ২.০০ ঘটিকা |
| স্থান | : | সচিব মহোদয়ের কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট – ক |

সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই গত ১৩/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২১-২২/৪ নং সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। পরবর্তীতে ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ নং কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন পর্যালোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | গত ০৮ আগষ্ট ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের ১৩তম সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। উক্ত কার্যবিবরনীর (৩ নং ক্রমিকে) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে মন্ত্রণালয় বিভাগগুলো কি ধরনের কার্যক্রম নির্বাচন করতে পারে এবং গৃহীত কার্যক্রমগুলো কিভাবে যৌক্তিকতার বিচারে মূল্যায়ন করা যায় সে সংক্রান্ত একটি খসড়া প্রস্তাব জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন-কে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব অর্পণ করা হয়।<br><br>দুর্নীতি দমন কমিশনের নৈতিকতা কমিটির বিগত সভায় শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক পাঁচটি উপযুক্ত কার্যক্রম নির্ধারণপূর্বক একটি সাধারণ সুপারিশমালা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয় এবং এ লক্ষ্যে প্রত্যেক অনুবিভাগ থেকে উপযুক্ত পাঁচটি কার্যক্রমের নাম সুপারিশপূর্বক সভাপতির নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় তথাপি কোন কোন অনুবিভাগ থেকে এধরণের সুপারিশ পাওয়া যায়নি বিধায়, আগামী সাত কার্যদিবসের মধ্যে সকল অনুবিভাগকে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক পাঁচটি কার্যক্রম নির্ধারণপূর্বক মহাপরিচালক (প্রতিরোধ) বরাবর প্রেরণ করার বিষয়ে সভায় | ১৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে প্রত্যেক অনুবিভাগ সকল মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার জন্য শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক উপযুক্ত ০৫ (পাঁচ) কার্যক্রম নির্ধারণপূর্বক এসংক্রান্ত সুপারিশ মহাপরিচালক (প্রতিরোধ) বরাবর প্রেরণ করবে। | মহাপরিচালক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | আলোচনা হয়। | | |
| ০২ | দুর্নীতি দমন কমিশনের বার্ষিক শুদ্ধাচার কর্মপরিকল্পনার সুষ্ঠু বাস্তবায়নে প্রতিটি অনুবিভাগ থেকে একজন ফোকাল পার্সন কর্মকর্তা মনোনয়ন দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। এসকল ফোকাল পার্সনগণ স্ব স্ব অনুবিভাগের উপর অর্পিত শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা (যদি থাকে) এবং নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং সময়ে সময়ে NIS শাখায় ফিডব্যাক প্রদান করবেন। তবে পূর্বে মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের মনোনয়ন নাম ভিত্তিক হওয়ায় বদলি, পদোন্নতি বিভিন্ন কারণে পূর্বের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অনেকে বর্তমানে উক্ত পদে বহাল নেই। ফলে সমন্বয়ের কাজটি সুচারুরূপে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, পদভিত্তিক প্রত্যেক অনুবিভাগ থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন দিয়ে তা আগামী সাত (০৭) কর্মদিবসের মধ্যে মহাপরিচালক (প্রতিরোধ)-কে অবহিত করা এবং নৈতিকতা কমিটির সভায় নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ উপস্থিতির পাশাপাশি বর্ণিত ফোকাল পারসনদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রত্যেক অনুবিভাগ থেকে (পদ ভিত্তিক) একজন (১) জন ফোকাল পার্সন কর্মকর্তা নির্ধারণপূর্বক আগামী ১৮ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে মহাপরিচালক (প্রতিরোধ) কে অবহিত করতে হবে এবং নৈতিকতা কমিটির সভায় স্ব স্ব অনুবিভাগের শুদ্ধাচার ফোকাল পার্সনগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক (সকল) |
| ০৩ | দুর্নীতি দমন কমিশনের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় ও ৪র্থ কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ প্রেক্ষিতে, সরাসরি সরকারি সেবাদানে নিয়োজিত যেসকল দপ্তর/বিভাগ থেকে সেবা প্রাপ্তিতে হয়রানী ও দুর্নীতি অভিযোগ বেশি আসে এমন দপ্তর/বিভাগে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত উক্ত দপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী নভেম্বর মাসে অংশীজনের সাথে সভা করার লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর নির্ধারণপূর্বক কমিশনে প্রস্তাব উপস্থাপনের নিমিত্ত সচিব বরাবর আগামী ১৫/১০/২০২২ তারিখের মধ্যে নথি পেশ করতে হবে । | মহাপরিচালক (প্রতিরোধ) |
| ০৪ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে প্রতি কোয়ার্টারে একবার কমিশনের কর্মকর্তা কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যে বাস্তবায়নে ১ম কোয়ার্টারের মধ্যে অর্থাৎ আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) |
| ০৫ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে প্রতি কোয়ার্টার কমিশনে চলমান প্রকল্পের অন্তত ১টি PSC ও PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যে বাস্তবায়নে আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে চলমান প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে চলমান প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন করতে হবে। | পরিচালক (সুশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | দুর্নীতি দমন কমিশনের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২.২ ক্রমিকে অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) শীর্ষক কার্যক্রমের শতকরা হিসেবে কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক আগামী সাত কার্যদিবসের মধ্যে মহাপরিচালক প্রতিরোধ-কে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৮ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে ২০২২-২৩ অর্থবছরের দুদকের বার্ষিক ক্রয়-পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) শতকরা হিসেবে কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক মহাপরিচালক (প্রতিরোধ) কে অবহিত করতে হবে। | মহাপরিচালক (প্রশাসন) |

পরিশেষে, সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/৯/২২

মোঃ মাহবুব হোসেন
সচিব
দুর্নীতি দমন কমিশন
ফোন-০২-৫৮৩১৬২৭০
ইমেইল-secretary@acc.org.bd

০৩ আশ্বিন, ১৪২৯

নম্বর-নথি নং- ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২২-৬৪৩৯৫ তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২) পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১) (ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর), দুর্নীতি দমন কমিশন।
৩) পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন।
৪) পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ), দুর্নীতি দমন কমিশন।
৫) পরিচালক, সুশাসন শাখা, দুর্নীতি দমন কমিশন।
৬) সিস্টেম এনালিস্ট, (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৭) উপপরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন।
৮) উপপরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন।
৯) অফিস কপি।

২০/০৯/২০২২

গোলাম শাহরিয়ার চৌধুরী
পরিচালক (NIS এবং UNCAC Focal Point)